# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
**প্রকিউরমেন্ট বিভাগ**

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
অফিস ফোন ঃ ৯৫৫৩৫৩৫
e-mail ঃ dgmcsd@krishibank.org.bd


নং প্রকা/প্রকিউর/আগ্নেয়াস্ত্র-৪(১৭)/২০১৭-২০১৮/১০৫২ তারিখ ঃ ২৭-০৫-২০১৮

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ তহবিল বহন ঝুঁকি (Cash Carrying Risk) হ্রাসকল্পে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের তত্ত্বাবধানে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ব্যাংকের শাখাসমূহে বিদ্যমান নগদ তহবিল সরবরাহে ঝুঁকি হ্রাসকল্পে বিগত ২৫-০৪-২০১৮ ইং তারিখ ব্যাংক ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৩৯২তম সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয় ঃ

"বিদ্যমান অবস্থায় ১০.০০ লক্ষ টাকার ঊর্ধ্বে নগদ তহবিল বহনের ক্ষেত্রে পুলিশের সহায়তা নিতে হবে, পুলিশের সহায়তা পাওয়া না গেলে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের গাড়ির মাধ্যমে নগদ তহবিল বহন করতে হবে। অন্যান্য ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।"

০৩। এমতাবস্থায়, ব্যাংকের সকল অঞ্চলাধীন শাখাসমূহে ঝুঁকিমুক্ত তহবিল সরবরাহের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে গ্রাহক সেবা নিশ্চিতকরণসহ তারল্য সংকট নিরসনকল্পে কর্তৃপক্ষীয় উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত
২৭/০৫/১৮
মোঃ আবদুল মালেক
উপমহাব্যবস্থাপক

নং প্রকা/প্রকিউর/আগ্নেয়াস্ত্র-৪(১৭)/২০১৭-২০১৮/১০৫২(১২৫০) তারিখ ঃ -ঐ-

**সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব/সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক। **(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।**
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
০৭। নথি/মহানথি।

E:\NAHAR\Comm.S-3\kashem.doc